

বাতিল করা হলো বিমানের কুয়েত ও দুবাই ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 13 August, 2025



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইনসে উড়োজাহাজ সংকট দেখা দিয়েছে। এ কারণে মঙ্গলবার (১২ আগস্ট) বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ঢাকা-কুয়েত ও ঢাকা-চট্টগ্রাম-দুবাই রুটের ২টি ফ্লাইট বাতিল করা হয়েছে।

যান্ত্রিক ত্রুটির কারণে কোনো উড়োজাহাজ মেরামতের পর উড্ডয়ন করছে; আবার কোনোটি গ্রাউন্ডেড অবস্থায় রয়েছে বলে জানিয়েছে বিমান সূত্র।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের জনসংযোগ বিভাগের মহাব্যবস্থাপক (জিএম) এ বি এম রওশন কবীর জানিয়েছেন, বাতিল হওয়া কুয়েত ও দুবাই ফ্লাইট দুটি বুধবার (১৩ আগস্ট) পরিচালিত হবে। নতুন সময়সূচি যাত্রীদের জানানো হচ্ছে।

-B